গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে আয়োজিত সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | দেবজিৎ সিংহ<br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), সিলেট। |
| সভার তারিখ | : ২৪ মে ২০২৩ |
| সভার সময় | : সকাল ১১:৩০ টা |
| স্থান | : বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর সভাকক্ষ। |
| উপস্থিতি | : পরিশিষ্ট ‘ক’ সদয় দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর বার্ষিক কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে এই সভা আয়োজন করা হয়। এ সভায় সিলেট বিভাগাধীন সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলার সকল শাখা কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সহকারী অংশগ্রহণ করেছেন। সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। প্রতিটি কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি সহজীকরণ এবং সুলভ করার বিষয়ে গুরুত্বারোপ করেন। সেবা গ্রহীতার কাছ থেকে মতামত সংগ্রহ করার প্রতি গুরুত্বারোপ করা হয়। সভায় উপস্থিত সকল শাখা কর্মকর্তা এবং দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ স্ব স্ব ক্ষেত্রের সমস্যা তুলে ধরলে সভাপতি সেসব বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

**২। বিস্তারিত আলোচনান্তে বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং নিম্নবর্ণিত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:**

<table>
<tr><th>আলোচনা/বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>০১. গত সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:<br>২৬ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখের সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিম্নরূপ:
<table>
<tr><th>সভার তারিখ</th><th>গৃহীত সিদ্ধান্তের সংখ্যা</th><th>গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা</th><th>সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির হার</th></tr>
<tr><td>২৬.০২.২০২৩</td><td>০৯</td><td>০৯</td><td>১০০%</td></tr>
</table>
</td><td>১.১ বিগত সভায় গৃহীত ০৯ টি সিদ্ধান্তের মধ্যে ০৯ টি সিদ্ধান্ত বাস্তবায়ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</td><td>(১) অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক), (সকল, সিলেট বিভাগ)<br>(২) সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| **০২. আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন:** সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে প্রতি ত্রৈমাসিকের শুরুতে সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | ২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে এ সংক্রান্ত সভা প্রতি ত্রৈমাসিকের শুরুতে আয়োজন করতে হবে। | (১) অতিরিক্ত জেলাপ্রশাসক, সার্বিক (সকল, সিলেট বিভাগ)<br>(২) সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |
| **০৩. সিটিজেন্স চার্টার যথাযথভাবে প্রণয়ন করা:** আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার যথাযথভাবে প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৩.১ আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার প্রণয়নকালে সচরাচর যে ত্রুটিসমূহ পরিলক্ষিত হয়, তা সংশোধন/পরিহারক্রমে স্ব স্ব অফিসের সিটিজেন্স চার্টার প্রণয়ন করতে হবে। | (১) অতিরিক্ত জেলাপ্রশাসক, সার্বিক (সকল, সিলেট বিভাগ)<br>(২) সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |
| **০৪. সিটিজেন্স চার্টারে বর্ণিত সেবাসমূহ সঠিক সময়ে সম্পাদন করা:**<br>সকল অফিসের নিজ নিজ সিটিজেন্স চার্টারে বর্ণিত সেবাসমূহ নির্ধারিত তারিখের মধ্যে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৪.১ স্ব স্ব অফিসের সিটিজেন্স চার্টারে বর্ণিত সেবাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | (১) অতিরিক্ত জেলাপ্রশাসক, সার্বিক (সকল, সিলেট বিভাগ)<br>(২) সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |
| **০৫. পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন:**<br>২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা মোতাবেক ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৫.১ প্রতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করতে হবে এবং স্ব স্ব ওয়েবসাইটে আপলোড ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | (১) অতিরিক্ত জেলাপ্রশাসক, সার্বিক (সকল, সিলেট বিভাগ)<br>(২) সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |

| | | |
|---|---|---|
| | ৫.২ পরিবীক্ষণ কমিটিতে গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন স্ব স্ব উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | (১) অতিরিক্ত জেলাপ্রশাসক, সার্বিক (সকল, সিলেট বিভাগ)<br>(২) সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |
| | ৫.৩ কোনো ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করার প্রয়োজন না হলে **'কমিটি পুনর্গঠন করার প্রয়োজন নেই'** মর্মে প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করতে হবে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | (১) অতিরিক্ত জেলাপ্রশাসক, সার্বিক (সকল, সিলেট বিভাগ)<br>(২) সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |
| **০৬. আবেদন ফরম লিংক আকারে সংযুক্তকরণ:**<br>সিটিজেন্স চার্টারে বর্ণিত প্রয়োজনীয় ফরম/নমুনা আবেদন ফরম/ প্রস্তাব লিংক আকারে সংযুক্তকরণ নিয়ে সভায় আলোচনা করা হয়। | ৬.১ সিটিজেন্স চার্টারে বর্ণিত প্রয়োজনীয় ফরম/ নমুনা আবেদন ফরম/ প্রস্তাব লিংক আকারে সংযুক্ত করতে হবে। | (১) অতিরিক্ত জেলাপ্রশাসক, সার্বিক (সকল, সিলেট বিভাগ)<br>(২) সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |
| **০৭. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং উর্ধ্বতন কর্মকর্তার নাম, পদবি, মোবাইল নম্বর এবং ই-মেইল হালনাগাদকরণ:**<br>সিটিজেন্স চার্টারে বর্ণিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং উর্ধ্বতন কর্মকর্তার নাম, পদবি, মোবাইল নম্বর এবং ই-মেইল হালনাগাদের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৭.১ সিটিজেন্স চার্টারে বর্ণিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং উর্ধ্বতন কর্মকর্তার নাম, পদবি, মোবাইল নম্বর এবং ই-মেইল প্রতি ত্রৈমাসিকে হালনাগাদ করতে হবে। | (১) অতিরিক্ত জেলাপ্রশাসক, সার্বিক (সকল, সিলেট বিভাগ)<br>(২) সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |

| | | |
|---|---|---|
| **০৮. ‘সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)’ নামক সেবাবক্স হালনাগাদকরন:** ওয়েবপোর্টালের ‘সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)’ নামক সেবাবক্স হালনাগাদের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৮.১ ওয়েবপোর্টালের ‘সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)’ নামক সেবাবক্স নিয়মিত হালনাগাদ করতে হবে। | (১) অতিরিক্ত জেলাপ্রশাসক, সার্বিক (সকল, সিলেট বিভাগ) (২) সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |
| **০৯. সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন:** ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৯.১ ২০২২-২৩ অর্থবছরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ০২টি কর্মশালা/ প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | (১) অতিরিক্ত জেলাপ্রশাসক, সার্বিক (সকল, সিলেট বিভাগ) (২) সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |
| **১০. স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার আয়োজন:** ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১০.১ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশিকায় বর্ণিত অংশীজনদের নিয়ে ২০২২-২৩ অর্থবছরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২টি অবহিতকরণ সভার আয়োজন করতে হবে। | (১) অতিরিক্ত জেলাপ্রশাসক, সার্বিক (সকল, সিলেট বিভাগ) (২) সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

দেবজিৎ সিংহ
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক),
সিলেট।

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৪.০৬.০১৪.২২.৫৩৭

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪৩০
৩১ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) জেলাপ্রশাসক (সকল), সিলেট বিভাগ।

৪) অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক) (সকল), সিলেট বিভাগ।

৫) বিভাগীয় কমিশনারের একান্ত সচিব,, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

নাসরিন চৌধুরী
সিনিয়র সহকারী কমিশনার

**সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে আয়োজিত সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা**

তারিখ: ২৪ মে ২০২৩
সময়: দুপুর ১১:৩০ টা
স্থান: বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর সভাকক্ষ

| ক্রমিক | নাম ও পদবি | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | নাসরিন চৌধুরী<br>সিনিয়র সহকারী কমিশনার | 01717794448 | ২৪/০৫/২০২৩ |
| ০২ | মো. মাহবুবুর রহমান<br>সিনিয়র সহকারী কমিশনার<br>জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট | 01730331022 | ২৪/০৫/২০২৩ |
| ০৩ | মোঃ আতাউর রহমান<br>সিনিয়র সহকারী কমিশনার<br>জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ | 01721-169091 | ২৪/৫/২৩ |
| ০৪ | মো: মাহরিয়ার আশরাফ<br>সহকারী কমিশনার<br>জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ | 01723585489 | 24/05/2023 |
| ০৫ | মোঃ বেলায়েত হোসেন<br>সহকারী কমিশনার<br>জেলা প্রশাসকের কার্যালয়<br>মৌলভীবাজার | 01735-532615 | ২৪.০৫.২০২৩ |
| ০৬ | অনিল কুমার সিংহ<br>অফিস সহকারী কাম<br>কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>জেলা প্রশাসকের কার্যালয়<br>মৌলভীবাজার | 01716614987 | 24.05.2023 |

| ক্রমিক | নাম ও পদবি | মোবাইল নম্বর | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ০৭ | মো: মাহফুজুর রহমান<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট | ০১৭১৫-৯৭৮৫১৬ | [signature] ২৪/০৫/২০২৬ |
| ০৮ | মোল্লা মহিউদ্দীন আহম্মদ<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার | ০১৬২৫১১৮-২৫৭ | [signature] ২৪.৫.২০২৬ |
| ০৯ | বিজিত দত্ত<br>সহ:<br>প্র, ও<br>জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ | 01720-187966 | [signature] ২৪/৫/২৬ |
| ১০ | মো: হেমায়েত হোসেন [illegible]<br>অফিস সহকারী<br>জে: প্র: কার্যা:, সুনাম: | 01755-372754 | [signature] ২৪/৫/২৬ |
| ১১ | মো: মিজানুর রহমান<br>অফিস সহকারী<br>জে.প্র.কা. সুনামগঞ্জ | 01714-727859 | [signature] ২৪/০৫/২৬ |
| ১২ | প্রফুল্ল কুমার নাথ<br>সহকারী প্রশাসনিক কর্মকর্তা<br>সং.স্থাপন শাখা | 01717131484 | [signature] ২৪.০৫.২০২৬ |
| ১৩ | আবু হোরায়রা<br>অফিস সহকারী<br>সংস্থাপন শাখা | 01741-614264 | Amina ২৪.০৫.২০২৬ |